



শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
ভাতশালা, শেরপুর।

**দরপত্র বিজ্ঞপ্তি**

নিম্নের বর্ণনা অনুযায়ী ছক (ক) এ বর্ণিত কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ ক্রয়ের জন্য শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে এবং ছক (খ) এ বর্ণিত যানবাহনসমূহ যেখানে যে অবস্থায় আছে নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় শর্ত সাপেক্ষে অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজ/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ছক (ক) : দরপত্র বিজ্ঞপ্তি : (কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ)


দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেভার ডকুমেন্ট বিক্রয়ের সময়সূচী)	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	দরপত্র খোলা
০১/১৯-২০	কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ	৫০০/=	৫০০০০/=	০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখ হতে ২৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখ (অফিস চলাকালীন সময়ের মধ্যে)	২৭/০৮/২০১৯ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকা	২৭/০৮/২০১৯ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২:৩০ ঘটিকা

ছক : (খ) নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (যানবাহন)

নিলাম দরপত্র নং	যানবাহনের ধরন	রেজিস্ট্রেশন নং	সর্বনিম্ন নিলাম মূল্য	দাখিলকৃত মূল্য
০১/১৯-২০	পিক আপ সিঙ্গেল কেবিন মিতসুবিশি -L200 ইঞ্জিন নং-40163AB1795(তৈরী-জাপান) চেসিস নং--MMBONK7203D080401	শেরপুর-৪-০২-০০০১	২,৫০,০০০/-	
	হোভা মোটর সাইকেল, মডেল-সিজি ১২৫ জাপান	শেরপুর-হ-১১-১০৬৬	২০,০০০/-	
	হোভা মোটর সাইকেল, মডেল-সিজি ১২৫ জাপান	শেরপুর-হ-১১-১০৬৭	২০,০০০/-	
	হোভা মোটর সাইকেল, মডেল-সিজি ১২৫ জাপান	শেরপুর-হ-১১-১০৬৮	১৫,০০০/-	
	হোভা মোটর সাইকেল, মডেল-সিজি ১২৫ জাপান	শেরপুর-হ-১১-১০৬৯	২০,০০০/-	
কথায়ঃ	সর্বমোট মূল্য=			

**শর্তাবলীঃ-**

- ০১। অগ্রহী দরদাতাগন ছক (ক) এবং ছক(খ) অনুযায়ী আলাদাভাবে আগামী ২৭/০৮/২০১৯ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, ভাতশালা, শেরপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর ঠিকানায় রক্ষিত টেভার বাক্সে দরপত্র জমা দিতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সমূহ ২৭/০৮/২০১৯ ইং তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) উপরোক্ত স্থান সমূহে খোলা হবে।
- ০২। সীল মোহরকৃত দরপত্রসমূহে খামের উপর " বরাবর, জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর" উল্লেখ করতে হবে।
- ০৩। ছক (ক) এ বর্ণিত মালামালের জন্য "শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি"-এর অনুকূলে প্রতিটি সিডিউলের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা যে কোন তফসীলী ব্যাংকের পে অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান সাপেক্ষে, নিজস্ব লেটার হেড প্যাডে "জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর" বরাবরে আবেদন করতেঃ দরপত্র দলিল শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, ভাতশালা, শেরপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দলিলের খামের উপর " কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ দরপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৪। ছক (খ) এ বর্ণিত মালামালের ক্ষেত্রে দাখিলকৃত দরের ২৫% হারে আর্নেস্টম্যানি বাবদ "জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। সমিতি হতে কার্যাদেশ প্রদানের পর সর্বোচ্চ দরদাতাকে (কৃতকার্য দরদাতা) অবশিষ্ট ৭৫% টাকা এবং দাখিলকৃত নিলাম দরের উপর সরকারী নিয়মানুযায়ী উৎসকর ও ভ্যাটসহ মোট টাকা শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশে নগদ পরিশোধ পূর্বক ১৫(পনের) দিনের মধ্যে মালামালসমূহ গ্রহণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামালসমূহ গ্রহণ করতে ব্যর্থ হলে আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা হবে। যে কোন দরদাতা প্রতিষ্ঠান/ব্যক্তি প্রত্যেক মালামালের বিপরীতে আলাদা আলাদাভাবে দর দাখিল করতে পারবেন। দরপত্র দলিলের খামের উপর " যানবাহনের নিলাম দরপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৫। ছক (ক) এ বর্ণিত মালামাল সন্তোষজনকভাবে সরবরাহের পর কমিটির মাধ্যমে উক্ত মালামাল যাচাই করা হবে। কমিটি কর্তৃক যাচাইয়ের পর সঠিকতা সাপেক্ষে মালামাল গ্রহণ করা হবে। বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী কর/ভ্যাট কর্তন করতেঃ একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধিত হবে। পরবর্তীতে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক বিল থেকে উদ্ধৃত মূল্যের উপরে ১০% নিরাপত্তা জামানত কেটে রাখা হবে, যা সরবরাহকৃত মালামালের গুণগত মান বজায় থাকা ০১(এক) বৎসর পর ফেরতযোগ্য।
- ০৬। ছক (খ) এ বর্ণিত মালামালসমূহ আগামী ২৬/০৮/২০১৯ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।
- ০৭। কোনরূপ কারন দর্শানো ছাড়াই সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৮। শর্ত বহির্ভূত কোন সমস্যার ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
জেনারেল ম্যানেজার  
শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
ফোনঃ ০৯৩১-৬১০২৬